# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৫৩

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

الفصل الاول (بَابُ فَضَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

## আরবী

وَكَذَا الدَّارِمِيُّ عَنْ عَطَاءٍ عَنِ ابْنِ سَلَامٍ نَحْوَهُ وَذَكَرَ حَدِيثَ أَبِي هُرَيْرَةَ: «نَحْنُ الْآخِرُونَ» فِي «بَاب الْجُمُعَة»

صحيح ، رواه الدارمی (1 / 5 ح 6) 0 حديث ” نحن الآخرون “ تقدم (1354) ـ (صَحِيح)

## বাংলা

৫৭৫৩-[১৫] দারিমীও ’আত্বার সূত্রে ইবনু সালাম হতে অনুরূপ বর্ণনা করেছেন। আর আবু হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীস (نَحْنُ الْاٰخَرُوْن) “আমরা শেষে আগমনকারী” জুমু’আহ্ অধ্যায়ে উল্লিখিত হয়েছে।

## ফুটনোট

সহীহঃ বুখারী ২৩৮, মুসলিম ১৯-(৮৫৫), নাসায়ী ১৩৬৭, ইবনু মাজাহ ১০৮৩, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৭০১, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ১৭০৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৬৪৮, মুসনাদুশ শাফি'ঈ ২৫৫, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৯৫৪, মুসনাদে আহমাদ ৮৪৮৪, আবু ইয়া'লা ৬২১৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৭২০, সহীহ ইবনু হিব্বান ৩২১৭, শু’আবুল ঈমান ২৯৬৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১৬৫৩, দারাকুত্বনী ৩, হিলহিয়াতুল আওলিয়া ৫/৩৮৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৪৭২, আস্ সুনানুস্ সুগরা ৬০০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَحْنُ الْاٰخَرُوْن)অর্থাৎ আমাদের আগমন শেষে। হাদীসের পূর্ণ বাক্যটি (نَحْنُ الْاٰخَرُوْنَ السابقون) অর্থাৎ আমরা শেষে আগমনকারী, আমরা অগ্রগামী। ইবনু হাজার (রহিমাহুল্লাহ) লিখেন, অর্থাৎ আমরা যুগ হিসেবে

সর্বশেষের, আর মর্যাদার দিক দিয়ে সবার অগ্রে। উদ্দেশ্য হলো, এই উম্মতের আগমন যদিও অন্যান্য উম্মতের পরে হয়েছে, কিন্তু আখিরাতে তারা অগ্রগামী থাকবে। তাদেরকে প্রথমে সমবেত করা হবে, তাদের হিসাব প্রথমে নেয়া হবে, তাদের মাঝে প্রথমে ফয়সালা করা এবং তারা প্রথমে জান্নাতে প্রবেশ করবে। হুযায়ফাহ্ (রাঃ) থেকে সহীহ মুসলিমে বর্ণিত হাদীসে রয়েছে-نَحْنُ الآخِرُونَ مِنْ أَهْلِ الدُّنْيَا وَالأَوَّلُونَ يَوْمَ الْقِيَامَةِ الْمَقْضِيُّ لَهُمْ قَبْلَ الْخَلَائِقِ "দুনিয়াবাসীদের মধ্যে আমরা সবার শেষে। কিন্তু আখিরাতে আমরা প্রথম। সকল সৃষ্টির পূর্বে আমাদের ফয়সালা করা হবে। (ফাতহুল বারী হা. ২/৩৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85729

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন